



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



‘শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি: বাস্তবতা ও করণীয়’ শীর্ষক
সেমিনারে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি



২৫ মে ২০২৪-শনিবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ বিষয়ক অভিযোগ কমিটির আয়োজনে শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে 'শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি: বাস্তবতা ও করণীয়' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে আমন্ত্রিত অতিথির বক্তব্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বলেন, “বাংলাদেশে অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যেখানে শিক্ষার্থীরা যৌন হয়রানির শিকার হচ্ছে। মেয়েদের পাশাপাশি ছেলেরাও



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



হয়রানির শিকার হয়ে থাকে। বিভিন্ন তথ্যে উঠে এসেছে, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে বিভিন্নভাবে শিক্ষার্থীরা যৌন হয়রানির শিকার হচ্ছে। শিক্ষার্থীরা বলছে, তা নিয়ে তারা কোথাও কোনো অভিযোগ করতে পারছে না। শিক্ষক কর্তৃক অনেক শিক্ষার্থী যৌন হয়রানির শিকার হলেও তারা অভিযোগ করতে পারেনা। এই পৃথিবীটা অনেক খারাপ জায়গা বিশেষ করে মেয়েদের জন্য। আপনজনের থেকেও অনেকসময় মেয়েদের যৌন হয়রানির শিকার হতে হচ্ছে। একটা প্ল্যাটফর্ম নিশ্চিত করতে হবে যেখানে নারীরা তাদের কথা বলতে পারবে এবং তাদের অধিকার নিশ্চিত করতে পারবে।”

এছাড়া অধ্যাপক ড. তনজিম জোহরা হাবিবের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক সুলতান-উল-ইসলাম।

এসময় মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক মাহবুবা কানিজ কেয়া, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।